ইত্তেফাক

তারিখ ... ২১।১২।৭৭ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

060

## 'শিক্ষকরা পর্যন্ত...'

বরিশাল, ১৯শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতার তার)— বাংলাদেশের কম্যুনিষ্ট পার্টির সম্পাদক সাইফুদ্দীন আহম্মদ মানিক আজ টাউন হলে এক সমাবেশে বলেন যে, দেশে দুর্নীতি জায়েজ হইয়া গিয়াছে। কিছু কামাই করার জন্য শিক্ষকরা পর্যন্ত পরীক্ষার হলে ছাত্রদের নকল সরবরাহ করিয়া থাকেন। যুব কমপ্লেক্সের মাধ্যমে যুবকরা দুর্নীতিতে জড়াইয়া পড়িয়াছে। জনাব মানিক বলেন, আমরা দেশে সমাজতন্ত্র আনিতে চাই। প্রেসিডেন্ট জিয়া তাঁহার তথাকথিত বিপ্লব দ্বারা নূতন ধনী কৃষক শ্রেণী সৃষ্টি করিতে চান।